



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯।

স্মারক নং:-/চুয়েট/ভিসি অফিস-১১/ ৬২০৪


২৬ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর, ২০২৪ খ্রি:।

-:বিজ্ঞপ্তি:-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে এ বিশ্ববিদ্যালয়ে গঠিত কমিটির সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৬ ডিসেম্বর, ২০২৪ খ্রি. সোমবার মহান বিজয় দিবস বর্ণাঢ্য আয়োজনে উদযাপিত হবে। অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মাহমুদ আব্দুল মতিন ভূইয়া উক্ত দিবসের অনুষ্ঠানসমূহে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি প্রদান করেছেন। এ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্রছাত্রীদেরকে নিম্নোক্ত কর্মসূচিসমূহে অংশগ্রহণপূর্বক অনুষ্ঠানমালাকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।


ক্রমিক	কর্মসূচিসমূহ	স্থান	তারিখ ও সময় ১৬/১২/২০২৪ খ্রি.
১.	জাতীয় পতাকা উত্তোলন	কেন্দ্রীয় শহীদ মিনার, চুয়েট।	সূর্যোদয়ের সাথে সাথে (সকাল ৬.৩০ ঘটিকা)
২.	মহান বিজয় দিবসের উপর আলোচনা সভা	একাডেমিক কাউন্সিল কক্ষ, চুয়েট।	সকাল ৯.০০ ঘটিকা
৩.	প্রীতি টি-২০ ক্রিকেট ম্যাচ (কর্মকর্তা বনাম কর্মচারী)	কেন্দ্রীয় খেলার মাঠ, চুয়েট।	সকাল ১১.০০ ঘটিকা থেকে বেলা ১.০০ ঘটিকা
৪.	প্রীতি টি-২০ ক্রিকেট ম্যাচ (শিক্ষক বনাম ছাত্র)	কেন্দ্রীয় খেলার মাঠ, চুয়েট।	বেলা ০২.০০ ঘটিকা থেকে বিকাল ০৪.০০ ঘটিকা
৫.	শিশু-কিশোরদের উপস্থিত বক্তৃতা, কবিতা আবৃত্তি ও দেশাত্মবোধক গান	স্টাফ ওয়েলফেয়ার অফিস সংলগ্ন বৈশাখী মঞ্চ, চুয়েট।	বেলা ২.০০ ঘটিকা থেকে বিকাল ০৩.৩০ ঘটিকা
৬.	মহান স্বাধীনতা যুদ্ধে নিহত শহীদদের আত্মার মাগফেরাত কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত	কেন্দ্রীয় মসজিদ, চুয়েট।	বাদ আছর (বিকাল ০৪:০০ ঘটিকা)
৭.	শিশু-কিশোরদের পুরস্কার বিতরণী অনুষ্ঠান	স্টাফ ওয়েলফেয়ার অফিস, চুয়েট।	বিকাল ৪.১৫ ঘটিকা

*** কর্মসূচিসমূহে অংশগ্রহণের নিমিত্তে চট্টগ্রাম রেল স্টেশন থেকে সকাল ০৭:৪৫টায় প্রয়োজনীয় সংখ্যক গাড়ি ছেড়ে আসবে এবং আলোচনা অনুষ্ঠান শেষে ক্যাম্পাস থেকে চট্টগ্রাম শহরের উদ্দেশ্যে ছেড়ে যাবে। এছাড়া সকাল ০৮:৪৫টায় ক্যাম্পাস থেকে গমনাগমনের জন্য প্রয়োজনীয় সংখ্যক গাড়ি উত্তর গোলচক্কর থেকে ছেড়ে আসবে এবং আলোচনা অনুষ্ঠান শেষে প্রত্যাবর্তন করবে।


(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) এবং সদস্য সচিব,
জাতীয় দিবস উদযাপন কমিটি
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সিনিয়রিটির ভিত্তিতে নহে):

- ১। সকল ডীন/ পরিচালক/বিভাগীয় প্রধান/ প্রভোস্ট/ অফিস প্রধান/শাখা প্রধান, চুয়েট। ইহা তাঁর বিভাগ ও অফিসের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে।
- ২। পরিচালক, আইআইসিটি, চুয়েট (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)
- ৩। সভাপতি, যানবাহন পরিচালনা কমিটি, চুয়েট (শহর থেকে এবং ক্যাম্পাস থেকে অনুষ্ঠানে অংশগ্রহণের সুবিধার্থে প্রয়োজনীয় সংখ্যক গাড়ির ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৪। প্রধান প্রকৌশলী, চুয়েট (উল্লেখিত সময়সূচী অনুযায়ী সাউন্ড সিস্টেম এবং বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৫। নিরাপত্তা উপদেষ্টা, চুয়েট (সূর্যোদয়ের সাথে সাথে উপাচার্য অফিসের ভবনের সামনে জাতীয় পতাকা উত্তোলনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৬। চীফ মেডিক্যাল অফিসার/ কো-অর্ডিনেটর, চুয়েট (খেলা চলাকালীন সময়ে চিকিৎসা ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৭। ডেপুটি চীফ ফিজিক্যাল এডুকেশন অফিসার, চুয়েট (উক্ত দিনের খেলার ব্যবস্থাপনা, মাঠে সাউন্ড সিস্টেম ও খেলা পরিচালনার ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৮। সভাপতি ও সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি, চুয়েট।
- ৯। সভাপতি ও সাধারণ সম্পাদক, কর্মকর্তা সমিতি, চুয়েট।
- ১০। সভাপতি ও সাধারণ সম্পাদক, কর্মচারী সমিতি/স্টাফ এসোসিয়েশন, চুয়েট।
- ১১। সভাপতি ও সাধারণ সম্পাদক, স্টাফ ওয়েলফেয়ার কমিটি, চুয়েট।
- ১২। সভাপতি ও সাধারণ সম্পাদক, চুয়েট ক্লাব, চুয়েট।
- ১৩। সভাপতি ও সাধারণ সম্পাদক, কর্মচারী ক্লাব, চুয়েট।
- ১৪। সিনিয়র পেশ ইমাম, চুয়েট (অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলাওয়াত ও মোনাজাত পরিচালনার নিমিত্তে উপস্থিত থাকার অনুরোধ সহকারে)।
- ১৫। সহকারী রেজিস্ট্রার (সমন্বয়), চুয়েট (উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ১৬। সকল বিজ্ঞপ্তি ফলক, চুয়েট।


(মোহাম্মদ ফারুকুর রহমান)
উপ-পরিচালক (জনসংযোগ)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।